


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.১৯-২৬৭

তারিখঃ ১৪/০৫/২০২৩খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র জনবল দিয়ে ইরেসপো-২য় পর্যায় প্রকল্পটি বাস্তবায়নধীন রয়েছে। এ প্রকল্পের আওতায় বিতরণকৃত ঋণের সেবামূল্য হতে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা কর্মচারীদের বেতনভাতা পরিশোধ করা হয়। উল্লেখ্য, প্রকল্পভুক্ত নতুন ৭টি উপজেলায় (নোয়াখালী সদর, পিরোজপুর জেলার কাউখালী, এবং রংপুর জেলার মিঠাপুকুর, গীরগঞ্জ, গীরগাছা, গঙ্গাচড়া ও কাউনিয়া) কার্যক্রম শুরুর প্রথম থেকেই মাঠ পর্যায়ে সমিতি গঠন, ঋণ বিতরণ ও আদায় করে অর্জিত সেবামূল্য হতে বেতনভাতা পরিশোধ সম্ভব নয় বিধায় কর্মকর্তা কর্মচারীদের কর্মসূচি'র সদর দপ্তরের বাজেট হতে বেতনভাতা খাতে অনুদান প্রদান করা হয়েছে। তদুপরি লক্ষ্য করা যাচ্ছে যে, এ সকল উপজেলায় সদস্য অন্তর্ভুক্তি, সমিতি গঠন, সঞ্চয় আদায়, ঋণ বিতরণ এবং কিস্তি আদায়ের অগ্রগতি খুবই হতাশাজনক। উল্লেখ্য, আগামী জুলাই/২০২৩ মাস হতে এ সকল উপজেলায় বিদ্যমান জনবলের বিপরীতে সদর দপ্তরের বাজেট হতে বেতনভাতা খাতে আর অনুদান প্রদানের সুযোগ না থাকায় জুলাই/২০২৩ হতে ঋণ আদায়ের বিপরীতে অর্জিত সেবামূল্যের নির্ধারিত অংশ হতে বেতনভাতা কর্মসূচি'র অন্যান্য জনবলের ন্যায় হিস্যা অনুযায়ী পরিশোধযোগ্য হবে। তাই সমিতি গঠন, সদস্য অন্তর্ভুক্তি, সঞ্চয় আদায়, ঋণ বিতরণ ও কিস্তি আদায় কার্যক্রম জোরদার/গতিশীল করার নির্দেশনা প্রদান করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.১৯-২৬৭

তারিখঃ ১৪/০৫/২০২৩খ্রিঃ

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. হিসাব সহকারী/ মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।